

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩১, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ জ্যৈষ্ঠ ১৪১৯ বঙ্গাব্দ/৩০ মে ২০১২ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ১৪৬-আইন/২০১২।—Town Improvement Act, 1953 (Act No. XIII of 1953) এর section 102, Building Construction Act, 1952 (Act No. II of 1953) এর section 18 এবং মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ (২০০০ সনের ৩৬ নং আইন) এর ধারা ১৩ এ প্রদত্ত ক্ষমতালে সরকার বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (ঠ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঠ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(ঠ) “ভূমি উন্নয়ন” অর্থ মহাপরিকল্পনাভুক্ত এলাকায় চিহ্নিত ও সুপারিশকৃত কোন ভূমিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় নাগরিক সুযোগ-সুবিধাসহ বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন;”;

(৮১৯০৯)

মূল্যঃ টাকা ৩০.০০

- (খ) দফা (ঢ) এর প্রাপ্তস্থিত “দাঁড়ি” এর পরিবর্তে “সেমিকোলন” প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফাসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—
- “(গ) “রিয়েল এস্টেট” অর্থ রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ (২০১০ সনের ৪৮ নং আইন) এর ধারা ২ (১২) এ সংজ্ঞায়িত রিয়েল এস্টেট;
- (ত) “ভূমি ব্যবহার পুনর্বিন্যাসকরণ (Land Re-adjustment/L.R)” অর্থে সরকার ঘোষিত নগর অঞ্চলের উন্নয়ন কর্তৃপক্ষ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত মহাপরিকল্পনাভুক্ত এলাকায়, কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, একাধিক ভূমি-মালিক, অথবা ভূমি-মালিক ও রিয়েল এস্টেট ডেভেলপার এর মধ্যকার পারস্পরিক ভূমি উন্নয়ন সহযোগিতা চুক্তির অধীন তাহাদের মালিকানাধীন খণ্ডিত-ভূমিসমূহের একীভূতকরণ করিয়া একটি একক ভূমি ব্যবহার পরিকল্পনার আওতায় উক্ত এলাকায় প্রয়োজনীয় ন্যূনতম সকল ভৌত ও সামাজিক অবকাঠামো (রাস্তা, ড্রেন, পার্ক, সামাজিক সেবা-সুবিধা) ও কস্ট রিকভারি প্লট (Cost-Recovery Plot) এর জন্য ভূমির সংস্থান করাপূর্বক অবশিষ্ট ভূমি যথাযথ পরিকল্পনার মাধ্যমে সকল ভূমি-মালিকদের নিকট স্ব স্ব মালিকানা-স্বত্ব অনুযায়ী পুনঃবিভাজন (Re-plotting) এর মাধ্যমে পুনর্বিন্যাসকরণ (Re-distribution) প্রক্রিয়ায় পরিবেশগত ভারসাম্য বজায় রাখিয়া একটি সুষ্ঠু, স্বাস্থ্যকর, সকল নাগরিক সেবা-সুবিধাসম্বলিত নগর-অঞ্চল উন্নয়ন করাকে বুঝাইবে;
- (থ) “রিয়েল এস্টেট ডেভেলপার” অর্থ রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ (২০১০ সনের ৪৮ নং আইন) এর ধারা ২(১৫) এ সংজ্ঞায়িত রিয়েল এস্টেট ডেভেলপার;
- (দ) “সেন্ট্রাল বিজনেস ডিসট্রিক্ট (Central Business District/C.B.D.)” অর্থ কোন শহর, উপ-শহর বা আবাসিক প্রকল্প এলাকার দৈনন্দিন চাহিদা ছাড়াও বৃহত্তর সার্বিক দাপ্তরিক বা বাণিজ্যিক চাহিদা মেটানোর জন্য প্রকল্প এলাকার মাঝামাঝি বা অন্য কোন সুবিধাজনক স্থানে সকল রকম অ-আবাসিক, অফিস বা বাণিজ্যিক স্থাপনার সমষ্টিকে বুঝাইবে;
- (ন) “সেবা” অর্থ আবাসিক প্রকল্প এলাকার দৈনন্দিন চাহিদার প্রয়োজনে ন্যূনতম নাগরিক সেবাকে বুঝাইবে, যাহা “না-ক্ষতি/না-লাভ (No loss/No profit)” ভিত্তিতে উৎপাদন খরচ মোতাবেক সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে সরবরাহ করা হইবে;
- (প) “সুবিধা” অর্থ আবাসিক প্রকল্প এলাকার দৈনন্দিন চাহিদার বাহিরে অতিরিক্ত সে সকল নাগরিক সেবা ও সুবিধাকে বুঝাইবে, যাহা তুলনামূলক বাজার দর মোতাবেক সরবরাহ করা হইবে।”;

(২) বিধি ৩ এর—

(ক) উপ-বিধি (২) এর দফা (ঙ) এর প্রাস্তস্বিত “দাঁড়ি” এর পরিবর্তে “সেমিকোলন” প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফাসমূহ সংযোজিত হইবে, যথা :—

“(চ) নিবন্ধিত পরিকল্পনাবিদের সম্মতিপত্র ও সনদপত্র;

(ছ) নিবন্ধিত প্রকৌশলীর সম্মতিপত্র ও সনদপত্র;

(জ) নিবন্ধিত স্থপতির সম্মতিপত্র ও সনদপত্র;

(ঝ) কারিগরী যন্ত্রপাতির বিবরণ;

(ঞ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ছকে অঙ্গীকারনামা।”;

(খ) উপ-বিধি (৫) এর “নিবন্ধন প্রদান করিবে” শব্দগুলির পর “এবং নিবন্ধনের মেয়াদ হইবে নিবন্ধন প্রদানের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর” শব্দগুলি সংযোজিত হইবে;”;

(৩) বিধি ৩ এর পর নিম্নরূপ বিধি ৩ক ও ৩খ সন্নিবেশিত হইবে, যথা :—

“৩ক। উদ্যোক্তার নিবন্ধন নবায়ন, ইত্যাদি।—(১) বিধি ৩ এর উপ-বিধি (৫) এ বর্ণিত নিবন্ধনের মেয়াদ শেষ হইবার ৬০ (ষাট) দিন পূর্বে নিবন্ধন নবায়নের জন্য নবায়ন ফি প্রদানপূর্বক কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুসারে নিবন্ধন নবায়নের আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রাপ্ত তথ্যাদি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যাচাই-বাছাইপূর্বক আবেদনকারীর বিরুদ্ধে আইন এবং নিবন্ধনের কোন শর্ত ভঙ্গের অভিযোগ না থাকিলে ৫ (পাঁচ) বৎসরের জন্য নিবন্ধন নবায়ন করিবে এবং উহা আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) উপ-বিধি (১) অনুসারে নিবন্ধন নবায়নের আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রাপ্ত তথ্যাদি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যাচাই-বাছাইপূর্বক আবেদনকারীর বিরুদ্ধে আইন এবং নিবন্ধনের কোন শর্ত ভঙ্গের অভিযোগ থাকিলে নিবন্ধন নবায়নের আবেদন নামঞ্জুর করিবে এবং উহা আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) অনুযায়ী নিবন্ধন নবায়নের আবেদন কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুর বা নামঞ্জুরের আদেশ না হওয়া পর্যন্ত নিবন্ধন বহাল আছে বলিয়া গণ্য হইবে এবং তদানুসারে নিবন্ধিত উদ্যোক্তা হিসাবে উহা কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

৩খ। নিবন্ধন বাতিল।—কোন উদ্যোক্তা সংশ্লিষ্ট আইন বা এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিলে অথবা নিবন্ধনের কোন শর্ত ভঙ্গ করিলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট উদ্যোক্তাকে ১৫ দিনের কারণ দর্শানোর নোটিশ এবং যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান করিয়া উক্ত উদ্যোক্তার নিবন্ধন বাতিল করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, নিবন্ধন বাতিল করা হইলেও উক্ত বাতিলের পূর্ববর্তী অনুমোদিত প্রকল্পসমূহের বাস্তবায়ন, বিপণন, হস্তান্তর ও রক্ষণাবেক্ষণ করিতে পারিবে।”;

(৪) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) ও (১ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(১) বেসরকারি আবাসিক প্রকল্পের লে-আউট প্ল্যান প্রণয়নকারী প্রত্যেক নগর পরিকল্পনাবিদ, স্থপতি ও প্রকৌশলী-কে সংশ্লিষ্ট পেশাজীবী প্রতিষ্ঠানের নিকট হইতে নিবন্ধনের সনদ গ্রহণ করিতে হইবে।

(১ক)। লে-আউট প্ল্যান প্রণয়নকারী উপদেষ্টা প্রতিষ্ঠান বা ফার্মকে এই বিধিমালার বিধান অনুযায়ী কর্তৃপক্ষের নিকট হইতে নিবন্ধিত হইতে হইবে।”;

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(২) উপ-বিধি (১ক) এর অধীন আবেদনের ক্ষেত্রে উপদেষ্টা প্রতিষ্ঠান বা ফার্মকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে, যথা ঃ—

“(ক) উপদেষ্টা প্রতিষ্ঠান বা ফার্মে নিয়োজিত সকল পেশাজীবী কারিগরী ব্যক্তির শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও নিবন্ধনের সত্যায়িত অনুলিপি;

(খ) ট্রেড লাইসেন্স;

(গ) টিআইএন নম্বর;

(ঘ) মূল্য সংযোজন কর (VAT) রেজিস্ট্রেশন নম্বর;

(ঙ) মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং এবং আর্টিক্যালস অব এসোসিয়েশনসহ সার্টিফিকেট অব ইনকরপোরেশন এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেট;

(চ) কারিগরী যোগ্যতার প্রমাণপত্র এবং নিবন্ধিত নগর পরিকল্পনাবিদ, প্রকৌশলী ও স্থপতির সম্মতিপত্র ও সনদপত্র।”;

(গ) উপ-বিধি (৮) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৮) এবং (৯) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(৮) কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন নিবন্ধিত নগর পরিকল্পনাবিদ, প্রকৌশলী ও স্থপতি এবং উপ-বিধি (১ক) এর অধীন নিবন্ধিত উপদেষ্টা প্রতিষ্ঠান বা ফার্ম এর তালিকা সংরক্ষণ করিবে।

(৯) উপ-বিধি (১ক) এর অধীন কোন নিবন্ধিত উপদেষ্টা প্রতিষ্ঠান বা ফার্ম এই বিধিমালার যে কোন শর্ত লঙ্ঘন করিলে কর্তৃপক্ষ বিধি ৩খ এ উল্লিখিত পদ্ধতি অনুসরণ করিয়া উক্ত উপদেষ্টা প্রতিষ্ঠান বা ফার্ম এর নিবন্ধন বাতিল করিতে পারিবে।”;

(৫) বিধি ৬ এর উপ-বিধি (১) এর—

(ক) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ঙ) প্রকল্প এলাকার ভূমির উচ্চতা বন্যার সর্বোচ্চ পানি প্রবাহ সীমার উপর (Highest Flood Level) অথবা প্রকল্প এলাকার ভূমির সূষ্ঠ পানি ব্যবস্থাপনার মাধ্যমে বন্যামুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;”;

(খ) দফা (ঢ), (ণ) এবং (ত) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঢ), (ণ), (ত) এবং (থ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ঢ) প্রকল্প এলাকা ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা ওয়াসার আওতার বাহিরে হইলে, সেইক্ষেত্রে উদ্যোক্তাদের নিজস্ব খরচে সরকারী নীতিমালা অনুযায়ী BOT (Build-Operate-Transfer) পদ্ধতিতে Waste Water & Sewerage Treatment Plant, Composting Plant ইত্যাদি নির্মাণের ব্যবস্থা সম্পন্ন করিয়া ইহা সংশ্লিষ্ট স্থানীয় সরকার, প্লট/ফ্ল্যাট মালিক সমিতি বা পৌর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিবে;

(ণ) প্রকল্পে নির্মিতব্য যে কোন ধরনের ইমারত (উদ্যোক্তা প্রতিষ্ঠানের নিজস্ব স্থাপনের ক্ষেত্রেও) ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ অনুসারে অনুমোদন গ্রহণক্রমে উহার নকশা করিয়া নির্মাণ করিতে হইবে;

(ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালা অনুসারে কর্তৃপক্ষের নিকট নিয়মিত প্রকল্পের পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন (Environmental Impact Assessment) দাখিল করিতে হইবে;

(থ) সকল উদ্যোক্তাকে তদকর্তৃক প্রস্তুতকৃত প্রসপেক্টাসে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর অধীন নিবন্ধন নম্বরসহ উহার নাম, ঠিকানা ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত লে-আউটের অনুমোদন নম্বরসহ স্মারক নম্বর ও তারিখ উল্লেখ করিতে হইবে।”;

(৭) বিধি ৭ এর —

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) বেসরকারি আবাসিক প্রকল্পের উদ্যোক্তাকে প্রকল্প এলাকার ন্যূনতম সত্তর ভাগ (৭০%) ভূমি সাফ কবলা দলিলমূলে নিরঙ্কুশ ও নিষ্কটক মালিক হইতে হইবে এবং ত্রিশ ভাগ (৩০%) ভূমি উন্নয়ন চুক্তি অথবা ভূমি পুনর্বিদ্যাসকরণ চুক্তি অথবা উভয় চুক্তির আওতায় অংশীদারিত্ব হইতে হইবে, তবে কোন উদ্যোক্তার পক্ষে প্রকল্প এলাকার কোন ভূমি বা বসতবাড়ীর মালিক হইতে কোন কারণে

প্রকল্পটির সর্বোচ্চ ১০% ভূমি স্থানীয়ভাবে ক্রয় করা সম্ভবপর না হইলে প্রচলিত আইনের আওতায় ভূমি অধিগ্রহণের জন্য প্রস্তাব পেশ করা যাইবে (যাহা ৩০% উন্নয়ন চুক্তি এবং ভূমি পুনর্বিন্যাসকরণ চুক্তির অন্তর্ভুক্ত হইবে), এ ছাড়াও প্রকল্প এলাকার অভ্যন্তরে যদি সরকারী স্বার্থ সংশ্লিষ্ট ভূমি থাকে সেইক্ষেত্রে সরকার কর্তৃক কমিটির অনুমোদন সাপেক্ষে প্রচলিত আইনের আওতায় সর্বোচ্চ ১০% ভূমি (যাহা ৩০% উন্নয়ন চুক্তি এবং ভূমি পুনর্বিন্যাসকরণ চুক্তির অন্তর্ভুক্ত হইবে) বন্দোবস্তের জন্য প্রস্তাব পেশ করা যাইবে এবং ভূমি অধিগ্রহণ বা বন্দোবস্ত উভয় ক্ষেত্রেই এ প্রস্তাবের স্বপক্ষে উদ্যোক্তাদের প্রয়োজনীয় যৌক্তিকতাসহ আবেদন করিতে হইবে; সাফ কবলা দলিলমূলে কিংবা ভূমি উন্নয়ন চুক্তি অথবা ভূমি পুনর্বিন্যাসকরণ চুক্তির আওতায় প্রকল্পের মোট ভূমির পরিমাণ ন্যূনতম ৭৫% হইলে প্রস্তাবিত প্রকল্প অনুমোদনযোগ্য হইবে এবং সেই ক্ষেত্রে প্রকৃত মালিকানাধীন ভূমির বিপরীতে প্রকল্প অনুমোদিত হইবে।”;

(খ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৩) উপ-বিধি (১) এর অধীন অধিগ্রহণকৃত ভূমির ক্ষতিগ্রস্ত বসতবাড়ীর মালিককে তাহার ভূমি প্রকল্পভুক্ত হওয়ার কারণে প্রকল্প এলাকার মধ্যেই প্রকল্পের উন্নয়নকৃত প্লট মূল্যের ৫০% কম মূল্যে একটি পুনর্বাসন প্লট প্রদান করিতে হইবে, যাহার আয়তন অধিগ্রহণকৃত ভূমির আয়তনের ৬০% এর কম হইবে না।”;

(গ) উপ-বিধি (৪) বিলুপ্ত হইবে;

(ঘ) উপ-বিধি (৫) বিলুপ্ত হইবে;

(ঙ) উপ-বিধি (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৬) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৬) প্রকল্পভুক্ত সমুদয় ভূমির মালিকানার সপক্ষে আবেদনকারীকে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর নিকট হইতে গৃহীত মৌজা ও সি এস, এস. এ, আর. এস (সর্বশেষ জরিপ রেকর্ড অনুযায়ী) দাগসূচির সমন্বয়ে দায়মুক্তি সনদপত্র (Non-encumbrance Certificate) সহ খতিয়ান, ভূমির দলিল, মিউটেশন এবং হাল নাগাদ ভূমি উন্নয়ন করসহ সকল কর পরিশোধের মূল রসিদ/ সার্টিফাইড কপি দাখিল করিতে হইবে।”;

(৮) বিধি ৮ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) বেসরকারি আবাসিক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে ঢাকা উত্তর সিটি করপোরেশন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন বা পৌর এলাকার অভ্যন্তরে ন্যূনতম ৫(পাঁচ) একর এবং ঢাকা উত্তর সিটি করপোরেশন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন বা পৌর এলাকার

বাহিরে ন্যূনতম ১০(দশ) একর ভূমির প্রয়োজন হইবে, ন্যূনতম আয়তনের প্রকল্পের ক্ষেত্রে উদ্যোক্তাকে শতভাগ ভূমির মালিক হইতে হইবে, সম্প্রসারিত এলাকার ক্ষেত্রে নতুন এলাকা এবং পূর্বের (অনুমোদিত) এলাকা সমন্বয় করিয়া লে-আউট প্রণয়ন করিতে হইবে; State Acquisition and Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951) এর section 20 এবং section 90 অনুযায়ী যে কোন উদ্যোক্তার প্রকল্পের আয়তন সর্বোচ্চ ৩৩ (তেরিশ) একর হইবে, তবে প্রকল্পের আয়তন এর বেশী হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের দপ্তরের অনুমতি গ্রহণ করিতে হইবে।”;

(খ) উপ-বিধি (২) এর “(Gross Density)” এর পরিবর্তে “(Gross Density per Acre)” প্রতিস্থাপিত হইবে;

(৯) বিধি ৯ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(১) বেসরকারি আবাসিক প্রকল্প এলাকার উন্নয়নকৃত মোট ভূমির সর্বোচ্চ ৭০ (সত্তর) ভাগ ভূমি (তফসিল-৩ এর তারকা [*] চিহ্নিত সুবিধাদিসহ) বিক্রয়যোগ্য হইবে এবং নগর পরিকল্পনার দৃষ্টিকোণ হইতে প্রকল্প এলাকার প্রতিটি বাড়ীর অবস্থান, ব্লক, সেক্টর, পার্শ্ববর্তী বাড়ীর অবস্থান (Block/Sector/Zone/Neighbourhood) এ নিরূপিত জনসংখ্যার বিবেচনায় বিস্তারিত ভূমি ব্যবহার সিডিউল প্রস্তুত করিয়া লে-আউট প্লানে প্রদর্শন করিতে হইবে।”;

(খ) উপ-বিধি (২) এর “প্রকল্প এলাকা ৩০ (ত্রিশ) ভাগ” শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে “প্রকল্প এলাকার কমপক্ষে ৩০ (ত্রিশ) ভাগ” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে এবং উহার প্রাস্তস্থিত “দাঁড়ি” এর পরিবর্তে “কোলন” প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিরূপ শর্ত সংযোজিত হইবে, যথা ঃ—

“তবে শর্ত থাকে যে, প্রকল্প এলাকাভুক্ত যে স্থানকে যে নাগরিক সুযোগ-সুবিধা প্রদানের জন্য চিহ্নিত করা হইবে সেই স্থানকে শুধুমাত্র সেই উদ্দেশ্যে ব্যবহার করিতে হইবে এবং অন্য কোন উদ্দেশ্যে উক্ত স্থানকে ব্যবহার করা যাইবে না বা পরিবর্তন করা যাইবে না অথবা কর্তৃপক্ষ উক্তরূপ ব্যবহার ও পরিবর্তনের অনুমতি প্রদান করিবে না।”;

(গ) উপ-বিধি (৪) নিরূপে প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(৪) বেসরকারি আবাসিক প্রকল্প এলাকায় প্লট বা ভূমি ক্রেতার স্বার্থ রক্ষা করিতে হইবে ও ক্রেতার স্বার্থ রক্ষা সংক্রান্ত শর্তাবলীসহ প্রস্তাবনা থাকিতে হইবে এবং প্লট বরাদ্দ হস্তান্তর ও রেজিস্ট্রেশন প্রদানের ক্ষেত্রে কোন অভিযোগ উত্থাপিত হইলে সংশ্লিষ্ট উদ্যোক্তার বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।”;

(১০) বিধি ১০ এর—

(ক) উপ-বিধি (৩) “প্রকল্প এলাকার ৩০ (ত্রিশ) ভাগ” শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে “প্রকল্প এলাকার কমপক্ষে ৩০ (ত্রিশ) ভাগ” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে এবং উহার প্রাস্তস্থিত “দাঁড়ি” এর পরিবর্তে “কোলন” প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্ত সংযোজিত হইবে, যথা ঃ—

“তবে শর্ত থাকে যে, প্রকল্প এলাকাভুক্ত যে স্থানকে যে নাগরিক সুযোগ-সুবিধা প্রদানের জন্য চিহ্নিত করা হইবে সেই স্থানকে শুধুমাত্র সেই উদ্দেশ্যে ব্যবহার করিতে হইবে এবং অন্য কোন উদ্দেশ্যে উক্ত স্থানকে ব্যবহার করা যাইবে না বা পরিবর্তন করা যাইবে না অথবা কর্তৃপক্ষ উক্তরূপ ব্যবহার ও পরিবর্তনের অনুমতি প্রদান করিবে না।”;

(খ) উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(৫) প্রকল্প এলাকার প্রতিটি Block/Sector/Zone/ Neighbourhood এর Detailed Lay-Out Plan প্রণয়ন করিতে হইবে এবং এই ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করিতে হইবে, যথা ঃ—

(ক) নতুন প্রকল্পের ক্ষেত্রে সড়ক যোগাযোগ ব্যবস্থার বিন্যাস, প্রকল্প এলাকার আয়তন, জনসংখ্যা এবং আশে-পাশের Traffic Circulation বিবেচনায় রাখিয়া Primary, Secondary এবং Tertiary road network এর ব্যবস্থা রাখিতে হইবে, প্রকল্পের প্রধান সড়কের (Main/primary Road) প্রশস্ততা (Right of Way or ROW ন্যূনতম ৮০ ফুট (২৪.৩৯ মিটার), মাধ্যমিক সড়কের (Secondary Road) প্রশস্ততা (ROW) ন্যূনতম ৬০ ফুট (১৮.২৯ মিটার), তৃতীয় স্তর (Tertiary Road) সড়কের প্রশস্ততা (ROW) ন্যূনতম ৪০ ফুট (১২.২০ মিটার) এবং অভ্যন্তরীণ বা সংযোগ সড়কের (Internal /Access/Residential Roads) প্রশস্ততা ন্যূনতম ২৫ ফুট (৭.৬২ মিটার) হইতে হইবে এবং এই সকল সড়ক নেটওয়ার্ক উদ্যোক্তার নিজ খরচে স্বীকৃত উন্নয়ন বিধি, কোড এবং স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে নির্মাণ করিতে হইবে, তবে প্রকল্পের আকার ১০ একরের কম হইলে প্রধান সড়কের প্রশস্ততা ন্যূনতম ৬০ ফুট (১৮.২৯ মিটার) হইতে পারিবে;

(খ) বিদ্যমান প্রকল্পের ক্ষেত্রে সড়ক যোগাযোগ ব্যবস্থার বিন্যাস, (Primary, Secondary এবং Tertiary road network), প্রকল্প এলাকার আয়তন, জনসংখ্যা এবং আশে-পাশের Traffic Circulation বিবেচনা রাখিতে হইবে, প্রকল্পের প্রধান সড়কের (Main/primary Road) প্রশস্ততা (Right of Way or ROW) ন্যূনতম ৬০ ফুট (১৮.২৯ মিটার), মাধ্যমিক সড়কের

(Secondary Road) প্রশস্ততা (ROW) ন্যূনতম ৪০ ফুট (১২.২০ মিটার), এবং আভ্যন্তরীণ বা সংযোগ সড়কের (Internal/Access/Residential Roads) প্রশস্ততা (ROW) ন্যূনতম ২৫ ফুট (৭.৬২ মিটার) হইতে হইবে এবং সকল সড়ক নেটওয়ার্ক উদ্যোক্তার নিজ খরচে স্বীকৃত উন্নয়ন বিধি, কোড এবং স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে নির্মাণ করিতে হইবে;

(গ) প্রকল্পের প্রধান সড়ক এবং মাধ্যমিক সড়কসমূহের Road Divider, Median Strip, Footpath, Plantation ইত্যাদি সহকারে Detailed Road Plan প্রণয়ন করিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে Road Intersection, Foot-over Bridge, Pedestrian Facilities ইত্যাদির সংস্থান রাখিতে হইবে এবং এই সকল ব্যবস্থাদি উদ্যোক্তার নিজ খরচে স্বীকৃত উন্নয়ন বিধি, কোড এবং স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে নির্মাণ করিতে হইবে;

(ঘ) দফা (ক), (খ) ও (গ) এর উপর ভিত্তি করিয়া প্রণীত সকল প্রস্তাবনাসমূহ, প্রকল্পের প্রস্তাবিত জনসংখ্যা, Car Ownership Dhaka Metropolitan Development Plan (DMDP), Strategic Transport Plan (STP) ইত্যাদি বিবেচনায় লইয়া একজন দক্ষ Traffic Management Consultant কর্তৃক যাচাইপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করিতে হইবে;”;

(গ) উপ-বিধি (৬) এর—

(অ) দফা (ক) এর পরিবর্তে নিরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(ক) প্রকল্প এলাকায় নিরূপিত জনসংখ্যার ভিত্তিতে কাঁচা বাজার, মার্কেট, কমিউনিটি সেন্টার, ধর্মীয় প্রতিষ্ঠান, কবরস্থান (প্রযোজ্য ক্ষেত্রে ইত্যাদির জন্য প্রয়োজনীয় জায়গা সংরক্ষণ ও নির্মাণ করিতে হইবে তবে ধর্মীয় প্রতিষ্ঠান এবং কবরস্থান স্থানীয় সরকার বা ক্ষেত্রমত পৌর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিতে হইবে;”;

(অ) দফা (গ), (ঘ) এবং (ঙ) এর পরিবর্তে নিরূপ দফা (গ), (ঘ), (ঙ) ও (চ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(গ) আবাসিক প্রকল্প এলাকায় স্বাস্থ্যসম্মত পরিবেশ সৃষ্টি এবং চিত্ত-বিনোদনের জন্য নিরূপিত জনসংখ্যার ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক মাঠ, পার্ক, উন্মুক্ত অঞ্চল ও সবুজ চত্বরের জায়গা সংরক্ষণ করিতে হইবে এবং উদ্যোক্তার নিজস্ব খরচে উক্ত সংরক্ষিত স্থান এবং সুবিধাদি নির্মাণ করিয়া পরবর্তীতে উহা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনকল্যাণমূলক কোন সমিতির নিকট হস্তান্তর করিতে হইবে;

- (ঘ) প্রকল্প এলাকায় বিভিন্ন প্রয়োজনীয় ইউটিলিটি সার্ভিসেস যথাঃ পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন, আবর্জনা অপসারণ, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পুলিশ ফাঁড়ি/স্টেশন, ফায়ার সার্ভিস, পোস্ট অফিস, বাসস্ট্যান্ড ইত্যাদি স্থাপনের জন্য জায়গা সংরক্ষণ করিতে হইবে এবং এইরূপ সংরক্ষিত জায়গা ঐ সকল সার্ভিসের সহিত জড়িত বিভিন্ন প্রতিষ্ঠান যথাঃ ওয়াসা, পৌর কর্তৃপক্ষ, ডিপিডিসি/ডেসকো/আরইবি, তিতাস গ্যাস, টিএন্ডটি, পুলিশ, ফায়ার ব্রিগেড, ডাক বিভাগসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থার নিকট প্রচলিত নিয়মনীতি অনুযায়ী হস্তান্তর করিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে উদ্যোক্তাকে এই সকল ইউটিলিটি সার্ভিসের অবকাঠামোগত উন্নয়ন সেবা প্রদানকারী সংস্থার সাথে সমন্বয়/সমঝোতা করে সম্পাদন করিতে হইবে;
- (ঘ) প্রকল্প এলাকা আবাসিক প্রকল্পের লে-আউট প্ল্যান অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানে নির্বর্ণিত সুযোগ-সুবিধাদি থাকিতে হইবে, যথাঃ—
- (অ) আবাসিক প্রকল্প এলাকা যত ক্ষুদ্রই হউক না কেন ইহাতে ন্যূনতম একটি নার্সারী স্কুলের (খেলার মাঠসহকারে) ব্যবস্থা রাখিতে হইবে;
- (আ) প্রকল্প এলাকায় নিরূপিত জনসংখ্যার ভিত্তিতে প্রয়োজনীয় প্রাইমারী স্কুলের সংখ্যা নির্ধারণ এবং স্থাপনের ব্যবস্থা করিতে হইবে এবং প্রতিটি প্রাইমারী স্কুলের ছাত্র সংখ্যার বিবেচনায় খেলার মাঠের সংস্থান রাখিতে হইবে;
- (ই) প্রকল্প এলাকায় নিরূপিত জনসংখ্যার ভিত্তিতে হাইস্কুলের সংখ্যা নির্ধারণ এবং স্থাপনের ব্যবস্থা করিতে হইবে এবং প্রতিটি হাইস্কুলের ছাত্র সংখ্যার বিবেচনায় খেলার মাঠের সংস্থান রাখিতে হইবে;
- (ঈ) প্রকল্প এলাকায় নিরূপিত জনসংখ্যার ভিত্তিতে উপযুক্ত খেলার মাঠসহকারে প্রয়োজনীয় কলেজ এবং উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা নির্ধারণ এবং স্থাপনের ব্যবস্থা রাখিতে হইবে তবে প্রকল্প এলাকার বাহিরের জনসাধারণের জন্য কলেজ বা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করিয়া কোন অবস্থায় প্রকল্পের জনসাধারণের জীবনযাত্রা ও পরিবেশের ক্ষতিসাধন করা যাইবে না;
- (ঙ) প্রকল্প এলাকার জনসংখ্যা ন্যূনতম ২০,০০০ (বিশ হাজার) এর ক্ষেত্রে ন্যূনতম ১.৬ একর জায়গা খেলার মাঠ হিসাবে একত্রে থাকিতে হইবে এবং জনসংখ্যা ন্যূনতম ৫০,০০০ (পঞ্চাশ হাজার) এর ক্ষেত্রে কবরস্থান হিসাবে ন্যূনতম ০.৩৩ একর জায়গা সংরক্ষিত থাকিতে হইবে, জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে আনুপাতিক হারে উক্ত সুবিধাদির আয়তন বৃদ্ধি পাইবে;

(চ) প্রকল্প এলাকার জনসংখ্যা ন্যূনতম ৫০,০০০ (পঞ্চাশ হাজার) তদূর্ধ্ব এর ক্ষেত্রে প্রকল্পের আয়তনের ন্যূনতম ২ শতাংশ জায়গা C. B. D. (Central Business District) হিসেবে রাখিতে হইবে, যাহা বিক্রয়যোগ্য হইবে।”;

(ঘ) উপ-বিধি (৬) এর পর নিরূপ উপ-বিধি (৭) সংযোজিত হইবে, যথাঃ—

“(৭) ভূমি ব্যবহার পুনর্বিन্যাসকরণ প্রক্রিয়ায় পরিকল্পনা প্রণয়নকালে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করিতে হইবে, যথা ঃ—

(ক) ভূমি ব্যবহার পুনর্বিन্যাসকরণ এর প্রক্রিয়া সুষ্ঠুভাবে বাস্তবায়ন করিবার জন্য, উক্ত প্রক্রিয়ার অংশ হিসাবে, প্রশাসনিক ব্যয়, পরিকল্পনা প্রণয়ন ব্যয় এবং অবকাঠামো উন্নয়ন ব্যয়সহ সকল ব্যয়সমূহের জন্য প্রয়োজনীয় অর্থ-সংস্থান করিবার নিমিত্তে, পুনঃবিভাজিত (Re-plotting) ভূমি বা প্লট হইতে কতিপয় ভূমি কস্ট রিকোভারী প্লট হিসাবে সংরক্ষিত থাকিবে;

(খ) একীভূতকৃত অখণ্ড ভূমির একটি একক পরিকল্পনার আওতায়, প্রয়োজনীয় ন্যূনতম সকল ভৌত ও সামাজিক অবকাঠামো (রাস্তা, ড্রেন, পার্ক, সামাজিক সেবা সুবিধাদী ও কস্ট-রিকোভারী প্লট) তৈরীর জন্য, অখণ্ড-ভূমির সকল মালিকগণ স্ব স্ব মালিকানাধীন অংশ হইতে সর্বোচ্চ শতকরা ত্রিশ (৩০) ভাগ ভূমি, উল্লিখিত ভৌত ও সামাজিক সুবিধাদীর জন্য দান করিবেন, তবে ক্ষেত্র বিশেষে এই অংশ বৃদ্ধি পাইতে পারে যাহা কোনক্রমেই শতকরা ৪০ (চল্লিশ) ভাগের বেশী হইবে না;

(গ) উক্তরূপ প্রকল্প সহকারী মহাপরিকল্পনাভুক্ত এলাকায়, উন্নয়ন কর্তৃপক্ষ, মিউনিসিপ্যালিটি, সরকারি পরিকল্পনা প্রণয়নকারী সংস্থা এবং জাতীয়/স্থানীয় পর্যায়ের সেবা-সুবিধা প্রদানকারী সংস্থাসমূহের অনুমোদনক্রমে, প্রকল্পভুক্ত ইচ্ছুক ভূমির মালিকদের সহিত নিবিড় সহযোগিতায় সকল আইনী কাঠামোর আওতায় সংগঠিত হইতে হইবে;

(ঘ) দফা (ক) ও (খ) মোতাবেক বর্ণিত প্রকল্পটিতে নিম্নবর্ণিত বিষয়সমূহ সন্নিবেশিত থাকিতে হইবে, যথা ঃ—

(অ) তফসিল-১ এর সহিত মহাপরিকল্পনাভুক্ত এলাকায় প্রস্তাবিত ভূমি পুনর্বিন্যাসকরণ প্রকল্পের এলাকা চিহ্নিতকারী C.S./R.S./B.S. ম্যাপ;

(আ) উক্ত প্রকল্পের ভূমি পুনর্বিন্যাসকরণ চিহ্নিত এলাকার অন্তর্ভুক্ত সকল ইচ্ছুক ভূমি মালিকদের তালিকা, তাঁহাদের মালিকানাধীন অংশের পরিমাণ, খতিয়ান, পর্চা এবং বর্তমান বাজার মূল্য এর হালনাগাদ তালিকা;

- (ই) তফসিল-২ এর সহিত প্রস্তাবিত ভূমি ব্যবহার পরিকল্পনা এবং সংশ্লিষ্ট ভৌত ও সামাজিক অবকাঠামোসমূহের সকল প্রয়োজনীয় লে-আউট প্ল্যান;
- (ঈ) প্রস্তাবিত ভূমি ব্যবহার পরিকল্পনা অনুযায়ী পুনঃবিভাজিত প্লটসমূহের সম্ভাব্য-বাজার মূল্যের (Asking Rate per Plot) তালিকা;
- (উ) প্রস্তাবিত পরিকল্পনা অনুযায়ী পুনঃবিভাজিত প্লটসমূহের মূল-মালিকদের মধ্যে পুনঃবিন্যাসকরণ পরিকল্পনা সংক্রান্ত সকল ম্যাপ ও তথ্যাদি;
- (ঊ) প্রকল্পের উন্নয়ন ও বাস্তবায়ন পরিকল্পনা এবং উপায়সমূহের প্রতিবেদন;
- (ঋ) সমগ্র প্রকল্পের (L.R.) বিস্তারিত খাত-ওয়ারী খরচ (Cost-Estimate) এবং অর্থনৈতিক পরিকল্পনা (Financial Plan) সংক্রান্ত প্রতিবেদন;
- (এ) প্রকল্পের (L.R.) লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাখ্যাপূর্বক সমগ্র পরিকল্পনার একটি বিস্তারিত লিখিত রিপোর্ট;
- (ঐ) তফসিল-৩ অনুযায়ী প্রকল্পের (L.R.) পরিকল্পনাটি যথাযথভাবে প্রস্তুত করিতে হইবে;
- (ঔ) উক্তরূপে প্রস্তুতকৃত ভূমি পুনর্বিন্যাসকরণ প্রকল্পটি সকল ভূমি-মালিকদের সম্মতি ও অনুমোদনের জন্য পেশ করিতে হইবে এবং কমপক্ষে ত্রিশ (৩০) দিন পর্যন্ত উন্মুক্ত প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, অতঃপর প্রয়োজনীয় সংশোধনী (প্রয়োজ্য ক্ষেত্রে) সহকারে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট তফসিল-২ অনুযায়ী অনুমোদনের জন্য উপস্থাপন করিতে হইবে।”;

(১১) বিধি ১৩ এর উপ-বিধি (১) এর “অনুমোদনের বিষয়ে” শব্দগুলির পর “যুক্তিসঙ্গত সময়ের মধ্যে” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(১২) বিধি ১৪ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(১) বেসরকারি আবাসিক প্রকল্প সংক্রান্ত পরামর্শ লাভের পর উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত প্রকল্প অনুমোদনের জন্য আবেদনের সহিত নিম্নবর্ণিত দলিলপত্র এবং তথ্যাবলী প্রদান করিতে হইবে, যথা ঃ—

(ক) তফসিল-২ এ বর্ণিত ফরমে আবেদন;

(খ) আবেদনকারী ব্যক্তি বা উদ্যোক্তার বা প্রতিষ্ঠান এর সাংগঠনিক কাঠামো সংক্রান্ত তথ্যাবলী ও দলিলপত্র;

- (গ) বিধি ৩ এবং ক্ষেত্রমত বিধি ৪ অনুযায়ী প্রকল্প প্রণয়নকারী ও বাস্তবায়নকারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের নিবন্ধীকরণ সার্টিফিকেট-এর সত্যায়িত অনুলিপি;
- (ঘ) বিধি ১১-এর অধীন পরামর্শ গ্রহণের মূল কপি;
- (ঙ) বিধি ৭-এর বিধান অনুযায়ী প্রকল্পের জমির মালিকানা স্বত্ব ও সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি;
- (চ) বিধি ১০ এর বিধান অনুযায়ী প্রণীত লে-আউট প্ল্যান;
- (ছ) বিধি ১৭ এর বিধান অনুযায়ী জমাকৃত ফি এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল রশিদ;
- (জ) প্রকল্পের Land Development (Including Source of Materials);
- (ঝ) প্রাথমিক পরিবেশ সমীক্ষা (Initial Environmental Impact Assesment) প্রতিবেদন;
- (ঞ) প্রকল্পের Detailed Land Use Schedule;
- (ট) প্রকল্প এলাকায় প্রস্তাবিত বিভিন্ন নাগরিক সুযোগ-সুবিধা, উন্নয়ন কর্মসূচি এবং অন্যান্য বিষয়ে অনূর্ধ্ব ২০ পৃষ্ঠার একটি প্রতিবেদন;
- (ঠ) আবেদনপত্রের সহিত নিম্নোক্ত ম্যাপ, নকশা এবং প্ল্যান সংযুক্ত করিতে হইবে, যথা ঃ—
- (অ) মৌজা ম্যাপের উপর প্রকল্প এলাকার সুনির্দিষ্ট সীমানা চিহ্নিত সাইট প্ল্যান (স্কেল ১ঃ৩৯৬০);
- (আ) সি, এস/আর, এস/বি, এস ম্যাপের উপর প্রকল্প এলাকা এবং এর নিকটবর্তী প্রধান/সংযোগ সড়ক, খাল, বিল, জলাভূমি, উন্মুক্ত স্থান ও অন্যান্য সকল গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের অবস্থানসম্বলিত লোকেশন ম্যাপ (স্কেল ১ঃ১০,০০০);
- (ই) Existing Topographical Survey Map showing all features (1:1980) with 0.3048m Interval Contour;
- (ঈ) 1:1980 স্কেলে প্রণীত প্রকল্পের Detailed lay out Plan;
- (উ) 1:3960 স্কেলে নিম্নবর্ণিত ২ (দুই) সেট নকশা ও পরিকল্পনা, যথা ঃ—
- (১) Sectoral/Block/Zonal/Neighbourhood Plan Including detailed sub-division of lands;

- (২) Road Network Plan;
- (৩) Drainage Plan;
- (৪) Utility Services Plan of Water Supply, Sewerage System (Treatment & Final Disposal) Solid Waste Collection & Disposal, Gas Supply, Electricity Supply, Telephone Facilities, etc.;
- (৫) Traffic Circulation Plan;
- (৬) এই বিধি অনুযায়ী প্রদেয় অন্য যে কোন নকশা (প্ল্যান) এবং তথ্যাদি;
- (৭) কমিটি কর্তৃক লে-আউট প্ল্যান চূড়ান্তভাবে অনুমোদনের পর সেই ভিত্তিতে (কোন সংশোধন থাকিলে তাহা সন্নিবেশিত করিয়া) প্রতিটি নকশা, ম্যাপ এবং প্ল্যানের ৭ (সাত) সেট;
- (ড) চূড়ান্তভাবে অনুমোদিত প্রকল্প লে-আউট প্ল্যানের এক কপি Mylar Print;
- (ঢ) সকল Map, Database, Report এর ৩ (তিন) সেট Soft-Copy কর্তৃপক্ষের নির্ধারিত Format অনুযায়ী সংযুক্ত করিতে হইবে।”;
- (খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—
- “(২) আবেদনকারী প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি কর্তৃপক্ষ এর নিকট দাখিল করিবেন এবং কর্তৃপক্ষ উক্ত প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত সংস্থাসমূহ হইতে প্রয়োজনীয় ছাড়পত্র গ্রহণের ব্যবস্থা করিবে, যথা ঃ—
- (ক) পরিবেশ অধিদপ্তর হইতে প্রকল্পের পরিবেশের উপর প্রভাব বিস্তার ও অবস্থানের বিষয়ে পরিবেশগত ছাড়পত্র;
- (খ) ঢাকা যানবাহন সমন্বয় বোর্ড হইতে প্রকল্প এলাকা ও তৎসংলগ্ন এলাকার ট্রাফিক ব্যবস্থাপনা বিষয়ক ছাড়পত্র;
- (গ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হইতে প্রকল্প এলাকার বন্যা নিয়ন্ত্রণ ও পানি নিষ্কাশন সুবিধা প্রদান সংক্রান্ত ছাড়পত্র;
- (ঘ) ঢাকা ওয়াসা বা সংশ্লিষ্ট পানি সরবরাহকারী অফিস হইতে প্রকল্প এলাকায় পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন সুবিধা প্রদান সংক্রান্ত ছাড়পত্র;
- (ঙ) ডিপিডিসি/ডেসকো/আরইবি বা সংশ্লিষ্ট বিদ্যুৎ অফিস হইতে প্রকল্প এলাকায় বিদ্যুৎ সুবিধা প্রদান সংক্রান্ত ছাড়পত্র;

- (চ) তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ বা সংশ্লিষ্ট গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী হইতে প্রকল্প এলাকায় গ্যাস সুবিধা প্রদান সংক্রান্ত ছাড়পত্র;
- (ছ) ঢাকা উত্তর সিটি করপোরেশন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন বা, ক্ষেত্রমত, পৌরসভা হইতে প্রকল্প এলাকায় গৃহস্থালীর বর্জ্য অপসারণ করার নিমিত্ত সুবিধা প্রদান সংক্রান্ত ছাড়পত্র;
- (জ) কেপিআই ডিসি হইতে ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
- (ঝ) ভূ-তত্ত্ব অধিদপ্তর হইতে প্রকল্প এলাকার ভূ-তাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র।”;

(১৩) বিধি ১৬ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) ও (৫) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(৪) প্রকল্প এলাকার উন্নয়ন কাজ স্বীকৃত উন্নয়ন বিধি, কোড এবং স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশনস অনুযায়ী সম্পন্ন করিতে হইবে এবং প্রকল্পের উন্নয়ন (ভরাট, খনন, নির্মাণ ইত্যাদি) কাজের অগ্রগতি ও সম্পাদনের ব্যাপারে প্রকল্পের উদ্যোক্তাকে তফসিল-৪ অনুসারে নির্ধারিত ছকে প্রতি ১ (এক) বৎসর অন্তর অন্তর Certificate of Supervision দাখিল করিতে হইবে।

(৫) প্রকল্প অনুমোদনের পূর্বে ক্রেতার সহিত উদ্যোক্তা কোন উন্নয়নকৃত ভূমি বিক্রয়ের জন্য চুক্তিবদ্ধ হইতে পারিবে না।”;

(১৪) বিধি ১৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৭ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“১৭। উদ্যোক্তা নিবন্ধন ও প্রকল্প অনুমোদন ফি, ইত্যাদি।—(১) বেসরকারি আবাসিক প্রকল্প সংক্রান্ত পরামর্শ গ্রহণের পর উদ্যোক্তা নিবন্ধন, নবায়ন এবং তদ্ব্যবস্থাপক দাখিলকৃত নতুন প্রকল্প অনুমোদন, পুনঃঅনুমোদন ও সংশোধন আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত ফি প্রদান করিতে হইবে, যথা ঃ—

- (ক) উদ্যোক্তা নিবন্ধন ফি ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং নবায়ন ফি ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা;
- (খ) প্রকল্প অনুমোদনের জন্য একর প্রতি ১০,০০০ (দশ হাজার) টাকা;
- (গ) প্রকল্পের লে-আউট প্ল্যান অনুমোদনের পর প্রকল্প এলাকা বৃদ্ধি না করিয়া উক্ত লে-আউট প্লানে কোন প্রকার সংশোধনের ক্ষেত্রে দফা (খ) অনুযায়ী পূর্বে প্রদত্ত ফি এর অতিরিক্ত ২৫% ফি;

- (ঘ) প্রকল্প এলাকা বৃদ্ধিসহ লে-আউট প্ল্যানে সংশোধনের ক্ষেত্রে নতুন বর্ধিত এলাকার জন্য দফা (খ) অনুযায়ী নির্ধারিত ফিসসহ সংশোধিত এলাকার জন্য পূর্বে প্রদত্ত ফি এর অতিরিক্ত ২৫% ফি;
- (ঙ) প্রকল্প অনুমোদনের পর ১০ (দশ) বৎসরের মধ্যে প্রকল্প এলাকার পূর্ণাঙ্গ উন্নয়ন কার্যক্রম সমাপ্ত না হইলে অনুমোদন বাতিল হইয়া যাইবে এবং এইরূপ ক্ষেত্রে অসম্পন্ন বা অনুল্লয়নকৃত এলাকার জন্য দফা (খ) অনুযায়ী নির্ধারিত ফি মোতাবেক নতুনভাবে ফি প্রদান সহকারে অতিরিক্ত ৫০% ফি;
- (চ) অনুমোদনপত্র ও অনুমোদিত লে-আউট প্ল্যানের সার্টিফাইড কপি সরবরাহের ক্ষেত্রে প্রতি কপির জন্য ১০,০০০ (দশ হাজার) টাকা ফি।
- (২) এই বিধির অধীনে প্রদেয় যাবতীয় ফি ঢাকা মহানগরীতে অবস্থিত বাংলাদেশ ব্যাংকের তফসিলভুক্ত যে কোন ব্যাংক হইতে “চেয়ারম্যান’ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা-১০০০” বরাবর পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা প্রদান করিয়া আবেদনপত্রের সহিত ইহার মূল রশিদ সংযুক্ত করিতে হইবে।”;
- (১৫) তফসিল-১, তফসিল-২, তফসিল-৩ এবং তফসিল-৪ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-১, তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪, তফসিল-৫ এবং তফসিল-৬ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“তফসিল-১

বেসরকারি আবাসিক প্রকল্প পরামর্শগ্রহণ ছক

{ বিধি ১১(১)(ক) এবং ১১(১)(খ) দ্রষ্টব্য }

- ১। আবেদনকারী ও প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
- ২। আবেদনকারীর নিবন্ধীকরণ নম্বর : আছে নাই
- ৩। প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের প্রাক অনুমোদন :
- ৪। প্রকল্প অনুমোদন থাকিলে ইহার বিবরণ (স্মারক নম্বর ও তারিখ) —
- (ক) প্রকল্পের নকশা প্রণয়নকারীর নাম, পেশা ও নিবন্ধীকরণ নম্বর :
- (খ) উন্নয়ন কাজ শুরুর সন, বাস্তবায়িত কাজের বিবরণ ও অগ্রগতি :
- (গ) উন্নয়নকৃত জমির পরিমাণ/প্লটের সংখ্যা, বরাদ্দকৃত প্লটের সংখ্যা ও সাইজ, হস্তান্তরিত প্লটের সংখ্যা :
- (ঘ) ইউটিলিটি সার্ভিস ও নাগরিক সুবিধাদির বিবরণ :
- ৫। প্রকল্পের জমির বিবরণ :—
- (ক) মোট জমির পরিমাণ :
- (খ) নিজস্ব খরিদকৃত বা মালিকানাধীন জমির পরিমাণ :
- (গ) অবশিষ্ট জমির মালিকানার বিবরণ (যদি থাকে) :
- (ঘ) খাস বা সরকারি জমির পরিমাণ (যদি থাকে) :
- (ঙ) অধিগ্রহণকৃত জমির পরিমাণ (যদি থাকে) :
- (চ) বিদ্যমান খাল-বিল নদী-নালার বিবরণ (যদি থাকে) :
- ৬। প্রকল্প এলাকার পারি-পার্শ্বিকতার বিবরণ (অবস্থান ও বিদ্যমান সুবিধাদি সহকারে) :
- ৭। জমির বর্তমান ব্যবহার/অবস্থান : কৃষি কৃষিজ পতিত
- (উপ-বিধি-১০(১) অনুসারে মৌজা অব্যবহৃত পতিত উঁচু
- ম্যাপের উপর জমির বর্তমান অবস্থা
- জমি/ভরাটকৃত প্রদর্শন করিতে হইবে) নীচু অথচ জলাশয়/বিল
- বন্যায় প্রাণিত অন্যান্য

৮। প্রকল্প এলাকায় বিদ্যমান ঘর-বাড়ী ও স্থাপনার বিবরণ (যদি থাকে) :-----

৯। প্রকল্পভুক্ত জমির ভূমি ব্যবহার (রাজউকের নগর পরিকল্পনা শাখা কর্তৃক প্রদত্ত ছাড়পত্র মোতাবেক) :

১০। প্রকল্প এলাকার প্রাক-সমীক্ষা প্রতিবেদন : করা হয়েছে করা হয়নি

১১। প্রস্তাবিত বিভিন্ন সুযোগ-সুবিধাদির উপর সংক্ষিপ্ত বিবরণ

১২। মৌজা নকশায় (সি, এস) প্রকল্প এলাকার সীমানা চিহ্নিত করে ম্যাপ (১ : ১৯৮০ স্কেলে) :

সংযুক্ত আছে সংযুক্ত নেই

১৩। মৌজা নকশায় (সি, এস) প্রকল্প এলাকার সীমানা চিহ্নিত করে ম্যাপ (১ : ৩৯৬০ স্কেলে) :

সংযুক্ত আছে সংযুক্ত নেই

১৪। মৌজা নকশায় (আর, এস) প্রকল্প এলাকার সীমানা চিহ্নিত করে ম্যাপ (১ : ১৯৮০ স্কেলে) :

সংযুক্ত আছে সংযুক্ত নেই

১৫। মৌজা নকশায় (আর, এস) প্রকল্প এলাকার সীমানা চিহ্নিত করে ম্যাপ (১ : ৩৯৬০ স্কেলে) :

সংযুক্ত আছে সংযুক্ত নেই

বিঃ দ্র : (১) প্রদত্ত তথ্যাবলীর স্বপক্ষে সংশ্লিষ্ট দলিল ও কাগজপত্র সংযুক্ত করিতে হইবে। আবেদনকারী/
প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বিস্তারিত তথ্যাবলী সংযুক্ত করা যাইবে।

(২) সি, এস এবং আর, এস বাদেও সর্বশেষ জরিপ নকশা (যদি থাকে) সংযুক্ত করিতে হইবে।

তারিখ : -----

আবেদনকারীর স্বাক্ষর

পূর্ণ নাম : -----

পদবী : -----

তফসিল-২

বেসরকারি আবাসিক প্রকল্প অনুমোদনের আবেদন ফরম

[বিধি ১৪(১)(ক) এবং ১৫(১) (ক) দ্রষ্টব্য]

প্রথম অনুমোদন

পুনঃ অনুমোদন/
প্রস্তাবিত অনুমোদন

(মূল অনুমোদন নম্বর -----)

(প্রযোজ্য স্থানে টিক চিহ্ন দিন)

- ১। আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
- ২। নিবন্ধনকরণ নম্বর :
- ৩। প্রকল্পের নাম (যদি থাকে) :
- ৪। উদ্যোগী ব্যক্তি/উদ্যোক্তা প্রতিষ্ঠানের নিজস্ব তথ্যাদি ও দলিলাদির বিবরণ :
 - (ক) ট্রেড লাইসেন্স :
 - (খ) টিআইএন নম্বর ও সার্টিফিকেট :
 - (গ) মূল্য সংযোজন কর (VAT) রেজিস্ট্রেশন সার্টিফিকেট :
 - (ঘ) মেমোরেভাম অব আন্ডারস্ট্যান্ডিং এণ্ড আর্টিকেলস অব এসোসিয়েশন :
 - (ঙ) সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেট :
 - (চ) প্রকল্পের নকশা ও লে-আউট প্ল্যান প্রণয়নকারী নগর পরিকল্পনাবিদ, স্থপতি, প্রকৌশলী/ উপদেষ্টা প্রতিষ্ঠানের নাম এবং নিবন্ধন নম্বর ও ঠিকানা :
 - (ছ) প্রকল্পের অন্যান্য কারিগরী জনবলের বিবরণ :
 - (জ) কারিগরী যন্ত্রপাতি (Plant, Machinery, Equipment & Tools) বিবরণ :
 - (ঝ) বাস্তবায়িত, চলমান ও অন্যান্য প্রস্তাবিত প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ :
 - (ঞ) অর্থ যোগানদারী ব্যাংক বা প্রতিষ্ঠানের নাম ও শাখা :

বিঃ দ্রঃ— প্রদত্ত তথ্যাদির সপক্ষে যাবতীয় কাগজপত্র/দলিলাদির সত্যায়িত অনুলিপি এবং বিবরণী সংযুক্ত করিতে হইবে।

৫। প্রকল্পের জমির অবস্থান ও বর্ণনা :

- (ক) জেলা ও পৌর এলাকার নাম :
- (খ) থানা ও ইউনিয়নের নাম :
- (গ) উপ-বিধি ১৪(১)(ট)(১) মোতাবেক মৌজা ম্যাপের উপর সাইট প্ল্যান :
- (ঘ) উপ-বিধি ১৪(১)(ট)(২) মোতাবেক সি,এস/আর,এস/বি,এস (যদি থাকে) ম্যাপে প্রকল্প এলাকার লোকেশন ম্যাপঃ
- (ঙ) উপ-বিধি ১৪(১)(ট)(৩) মোতাবেক প্রণীত প্রকল্পের Topographical Survey Map

- (চ) মোট জমির পরিমাণ ----- একর (হেক্টর) :
- (১) নিজস্ব খরিদকৃত বা মালিকানাধীন জমির পরিমাণ ----- একর (হেক্টর) ।
- (২) উপ-বিধি ৭(১) মোতাবেক খরিদ করা সম্ভবপর হয় নাই এই রকম জমির পরিমাণ (সি,এস/আর,এস দাগসহ):
- (৩) খাস/সরকারি জমির পরিমাণ (যদি থাকে) ----- একর (হেক্টর) ।
- (৪) অধিগ্রহণকৃত জমির পরিমাণ (যদি থাকে) ----- একর (হেক্টর) ।
- (৫) প্রকল্প এলাকায় বিদ্যমান খাল-বিল, নদ-নালা, জলাশয়-নিষ্কাশনের পরিমাণ ----- একর (হেক্টর) ।

বিঃ দ্রঃ—প্রকল্পভুক্ত জমির মালিকানা সম্পর্কিত যাবতীয় দলিলপত্র এবং প্রমাণাদি সংযুক্ত করিতে হইবে ।

- ৬। উপ-বিধি ৭(৪) মোতাবেক প্রকল্প এলাকায় ক্ষতিগ্রস্তদের নাম ও জমির বিবরণ :
- ৭। ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের বিবরণ :
- ৮। বিধি ৮ মোতাবেক প্রকল্প এলাকায় নিরুপিত জনসংখ্যার বিবরণ :
- ৯। প্রকল্প উন্নয়ন সংক্রান্ত :
- (ক) Formation Level (mPWD/MSL) :
- (খ) ভূমি উন্নয়ন পদ্ধতি (Source of Materials সহকারে) :
- (গ) উপ-বিধি ১০(৫) এবং ১০(৬) মোতাবেক সড়ক নেট-ওয়ার্ক এবং নাগরিক সুযোগ-সুবিধাদির উন্নয়ন :
- ১০। প্রকল্প এলাকায় ইউটিলিটি সার্ভিস এর বিবরণ : (ক) পানি সরবরাহ আছে নাই ।
থাকিলে কি ধরণের ব্যবস্থা উল্লেখ করুন : -----
না থাকিলে কি ব্যবস্থা গৃহীত হইবে : -----
(খ) বিদ্যুৎ সরবরাহ আছে নাই
থাকিলে কি ধরণের ব্যবস্থা উল্লেখ করুন : -----
না থাকিলে কি ব্যবস্থা গৃহীত হইবে : -----
(গ) গ্যাস সরবরাহ আছে নাই
থাকিলে কি ধরণের ব্যবস্থা উল্লেখ করুন : -----
না থাকিলে কি ব্যবস্থা গৃহীত হইবে : -----
(ঘ) টেলিফোন ব্যবস্থা আছে নাই
থাকিলে কি ধরণের ব্যবস্থা উল্লেখ করুন : -----
না থাকিলে কি ব্যবস্থা গৃহীত হইবে : -----
(ঙ) পয়ঃ ও বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা আছে নাই

১১। লে-আউট প্ল্যান সম্পর্কিত বিবরণ : (ক) আবাসিক প্লটের বিবরণ :

- : -----কাঠা (বর্গমিটার)----টি জমির পরিমাণ---একর (হেক্টর)
- : -----কাঠা (বর্গমিটার)----টি জমির পরিমাণ---একর(হেক্টর)
- : -----কাঠা (বর্গমিটার)----টি জমির পরিমাণ---একর(হেক্টর)
- : -----কাঠা (বর্গমিটার)----টি জমির পরিমাণ---একর(হেক্টর)

(খ) মোট প্লট-----টি মোট জমির পরিমাণ ----- একর (হেক্টর)

(গ) অনাবাসিক প্লটের বিবরণ :

প্লটের সাইজ ও সংখ্যা -----

মোট জমির পরিমাণ ----- একর (হেক্টর)

সড়ক নেট ওয়ার্কের বিবরণ :

প্রধান সড়ক ----- ফুট/----- মিটার

মাধ্যমিক সড়ক -----ফুট/----- মিটার

অভ্যন্তরীণ সংযোগ সড়ক -----ফুট/----- মিটার

অন্যান্য সড়ক -----ফুট/----- মিটার

মোট সড়কের দৈর্ঘ্য পরিমাণ = ফুট ----- মিটার

(ঘ) Footpath Median, Island, Road Inter section, Foot over Bridge, Pedestrian Facilities ইত্যাদির বিবরণ :

(ঙ) শিক্ষা প্রতিষ্ঠানের জমির বিবরণ :

নার্সারী স্কুল -----টি, জমির পরিমাণ : ----- একর (হেক্টর)

প্রাইমারী স্কুল -----টি, জমির পরিমাণ : ----- একর (হেক্টর)

হাই স্কুল -----টি, জমির পরিমাণ : ----- একর (হেক্টর)

কলেজ/উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের জমির পরিমাণ : ---একর (হেক্টর)

মোট জমির পরিমাণ : ----- একর (হেক্টর)

- (চ) স্বাস্থ্য কেন্দ্র (ক্লিনিক/হাসপাতাল) এর জন্য সংরক্ষিত জমির
বিবরণ : সংখ্যা ----টি, মোট জমির পরিমাণ ----- একর (হেক্টর)
- (ছ) পার্ক/খেলার মাঠ/উন্মুক্ত স্থান/সবুজ চত্বর ইত্যাদির বিবরণ :
- খেলার মাঠ -----টি, জমির পরিমাণ ----- একর (হেক্টর)
- পার্ক -----টি, জমির পরিমাণ ----- একর (হেক্টর)
- উন্মুক্তাঞ্চল -----টি, জমির পরিমাণ ----- একর (হেক্টর)
- সবুজ চত্বর.....টি, জমির পরিমাণ :একর (হেক্টর)
-
- মোট জমির পরিমাণ.....একর (হেক্টর)
- (জ) ধর্মীয় প্রতিষ্ঠানের জমির বিবরণ :
- মসজিদ.....টি, জমির পরিমাণ :একর (হেক্টর)
- অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের জমির সংরক্ষিত পরিমাণঃএকর (হেক্টর)
- (ঝ) কবরস্থানের জন্য জমির পরিমাণঃ..... একর (হেক্টর)
- (ঞ) কাঁচা বাজার/মার্কেট/শপিং কমপ্লেক্সের জমির পরিমাণ :
সংখ্যা.....টি, মোট জমির পরিমাণ..... একর (হেক্টর)
- (ট) কমিউনিটি সেন্টার নির্মাণের জমির সংরক্ষিত বিবরণঃএকর (হেক্টর)
- (ঠ) আনুষঙ্গিক সুবিধাদির জন্য চিহ্নিত স্থান :
-পানি সরবরাহ ব্যবস্থার জন্য সংরক্ষিত জমির
পরিমাণঃ..... একর (হেক্টর)
-বিদ্যুৎ ব্যবস্থার জন্য সংরক্ষিত জমির
পরিমাণঃএকর (হেক্টর)
-গ্যাস ব্যবস্থার জন্য সংরক্ষিত জমির
পরিমাণঃএকর (হেক্টর)
-পুলিশ ফাঁড়ি স্থাপনের জন্য সংরক্ষিত জমির
পরিমাণঃএকর (হেক্টর)
-ফায়ার সার্ভিস স্থাপনের জন্য সংরক্ষিত জমির
পরিমাণঃএকর (হেক্টর)
-জনকল্যাণ সমিতির জন্য সংরক্ষিত জমির
পরিমাণঃএকর (হেক্টর)
-বাস স্টেশন স্থাপনের জন্য সংরক্ষিত জমির
পরিমাণঃএকর (হেক্টর)

..... পৌরসভা/পৌর কর্তৃপক্ষের জন্য সংরক্ষিত জমির
পরিমাণঃএকর (হেক্টর)

.....ডাক বিভাগের জন্য সংরক্ষিত জমির
পরিমাণঃএকর (হেক্টর)

.....
মোট জমির পরিমাণ ঃ..... একর (হেক্টর)

(ড) অন্যান্য সুবিধাদির জন্য চিহ্নিত/সংরক্ষিত জমির বিবরণঃ

.....
.....

১২। প্রকল্পটি বাস্তবায়নাব্যয়ী হইলে সেই ক্ষেত্রে প্রকল্প এলাকায় ক্ষতিগ্রস্তদের বিবরণ, প্রকল্পের বাস্তবায়নের সর্বশেষ অবস্থা, উন্নয়নকৃত ও বরাদ্দকৃত প্লটের সংখ্যা, হস্তান্তরিত প্লটের বিবরণ, ক্রেতা স্বার্থ সংরক্ষণে গৃহীত ব্যবস্থা, অবকাঠামোগত উন্নয়ন, নির্মিত/ নির্মাণাব্যয়ী ইমারতের সংখ্যা, পরিবেশগত সমীক্ষা (Environmental Impact Assessment) উন্নয়ন কর্মসূচী ইত্যাদির উপর As-Built Development Plan সহকারে একটি বিস্তারিত প্রতিবেদন সংযুক্ত করিতে হইবে ঃ

১৩। প্রথম অনুমোদন বা পুনঃঅনুমোদন/সংশোধিত অনুমোদনের ক্ষেত্রে প্রকল্পের যে সকল তথ্যাবলী, দলিলপত্র, নকশা/প্ল্যান ও ছাড়পত্র অবশ্যই আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে ঃ

(১) উপ-বিধি ১৪(১)(ঘ-ড) এর বর্ণনামতে সকল তথ্যাবলী, দলিলপত্র, সমীক্ষা প্রতিবেদন ঃ

(২) উপ-বিধি ১৪(১)(ঘ) হইতে (ড) এর বর্ণনামতে প্রকল্পের বিস্তারিত লে-আউট প্ল্যান অন্যান্য যাবতীয় নকশা/ম্যাপ/পরিকল্পনা এবং;

(৩) উপ-বিধি ১৪(১) (চ)(১) হইতে (৫) এর বর্ণনা মোতাবেক সকল ছাড়পত্র।

বিঃদ্রঃ— (ক) আবেদনপত্রের সহিত উপ-বিধি ১৪(১) এর বর্ণনা মোতাবেক পূর্ণাঙ্গ তথ্যাবলীসহ এবং প্রকল্পের Detailed Layout Plan এবং অন্যান্য সকল নকশা/ম্যাপ/প্ল্যানের ২ (দুই) সেট করিয়া দাখিল করিতে হইবে।

(খ) কর্তৃপক্ষ/কমিটি চাহিদা মোতাবেক অন্য যেকোন নকশা/প্ল্যান/তথ্যাদি দাখিল করিতে হইবে।

(গ) কমিটি কর্তৃক অনুমোদিত লে-আউট প্ল্যান মোতাবেক (কোন সংশোধন থাকিলে উহা সন্নিবেশিত করিয়া) প্রকল্পের চূড়ান্তকৃত Detailed Layout Plan এবং অন্যান্য নকশা/ম্যাপ/প্ল্যানের ৭(সাত) সেট করিয়া দাখিল করিতে হইবে।

(ঘ) চূড়ান্তভাবে অনুমোদিত Detailed Layout Plan এর এক কপি **Mylar Print** দাখিল করিতে হইবে।

(ঙ) সকল Map, Database, Report সমূহের ৩ (তিন) সেট Soft-Copy কর্তৃপক্ষের নির্ধারিত Formate অনুযায়ী দাখিল করিতে হইবে।

১৪। প্রকল্প অনুমোদন/পুনঃঅনুমোদন/সংশোধন/নবায়ন ফি এর বিবরণ :

টাকা.....(.....)ব্যাংক.....শাখা.....এ ব্যাংক
ড্রাফট/পে-অর্ডার নং.....তারিখ.....এর মাধ্যমে জমা প্রদান করা হইয়াছে (মূল রশিদ
সংযুক্ত)।

আমি, নিম্নস্বাক্ষরকারী এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরে উল্লিখিত সকল তথ্যাদি সঠিক এবং কোন তথ্যই
মিথ্যা পরিবেশন করা হয় নাই কিংবা গোপন করা হয় নাই। প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি, মিথ্যা বা ভ্রান্তি
মূলক তথ্য পাওয়া গেলে কর্তৃপক্ষ আমার জমাকৃত সকল ফি বাজেয়াপ্তসহ আমার/আমাদের প্রতিষ্ঠানের বিরুদ্ধে
আইনানুগ কার্যক্রম গ্রহণ সহকারে আবেদন বাতিল করিয়া দিতে পারিবে।

তারিখ :.....

(আবেদনকারীর স্বাক্ষর)

পূর্ণ নাম.....

পদবী.....

প্রতিষ্ঠানের সীল.....

ফোন.....

ফ্যাক্স নম্বর.....

ই-মেইল.....

মোবাইল.....

বিঃদ্রঃ—(ক) প্রদত্ত তথ্যাদিও সপক্ষে কোন ব্যাখ্যা বা অন্য কোন তথ্যাদি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট
ব্যক্তি/সমিতি/প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে অতিরিক্ত তথ্য আবেদনের সহিত সংযুক্ত করিয়া দেওয়া
যাইতে পারে।

(খ) আবেদনপত্রে চাহিত কোন তথ্যাদি অসম্পূর্ণ থাকিলে প্রকল্প অনুমোদন প্রক্রিয়া করা হইবে না।

তফসিল-৩

Space Standards for Urban Community Services in Acres (hectare) by Population Size

[বিধি ৯(৩) এবং ১০(৩) দ্রষ্টব্য]

Community Services	Size of the Population									
	2500	5000	10000	15000	20000	25000	50000	100000	150000	Services per 1000 population
EDUCATION										
Nursery*	0.2 (.08)	0.4 (.16)	0.8 (.32)	1.2 (.49)	1.6 (.65)	2.0 (.81)	4.0 (1.62)	8.0 (3.24)	12.0(4.86)	0.08 (.03)
Primary School*	0.3 (.12)	0.6 (.24)	1.0 (.40)	1.2 (.49)	1.6 (.65)	2.0 (.81)	4.0 (1.62)	8.0 (3.24)	12.0 (4.86)	0.08 (.03)
Secondary School*			1.2 (.49)	1.5 (.61)	2.0 (.81)	2.5 (1.01)	5.0 (2.02)	10.0 (4.05)	15.0 (6.07)	0.10 (.04)
College*				1.2 (.49)	1.6 (.65)	2.0 (.81)	4.0 (1.62)	8.0 (3.24)	12.0 (4.86)	0.08 (.03)
HEALTH										
Small Clinic*				0.6 (.24)	0.8 (.32)	1.0 (.40)	2.0 (.81)			0.04 (.02)
Hospital*								4.0 (1.62)	6.0 (2.43)	0.04 (.02)
UTILITY & COMMUNITY Services										
Utility Community and Religious Services	0.1 (.04)	0.2 (.08)	0.5 (.20)	0.6 (.24)	0.8 (.32)	1.0 (.40)	2.0 (.81)	4.0 (1.62)	6.0 (2.43)	0.04 (.02)
RECREATION										
play-Ground/Play field	0.5 (.20)	1.0 (.40)	1.0 (.40)	1.2 (.49)	1.6 (.65)	2.0 (.81)	4.0 (1.62)	8.0 (3.24)	12.0 (4.86)	0.08 (.03)
Park	0.5 (.20)	1.0 (.40)	1.5 (.61)	1.8 (.73)	2.4 (.97)	3.0 (1.21)	6.0 (2.43)	12.0 (4.86)	18.0 (7.28)	0.12 (.05)
COMMERCIAL										
Corner Shop/Market/kuitcha Bazar*	0.2 (.08)	0.3 (.12)	0.5 (.20)	0.6 (.24)	0.8 (.32)	1.0 (.4)	2.0 (.81)	4.0 (1.62)	6.0 (2.43)	0.04 (.02)
ROADS										
Residential Roads**	0.9 (.36)	1.7 (.69)	3.5 (1.42)	5.0 (2.02)	6.8 (2.75)	8.5 (3.44)	17.0 (6.88)	34.0 (13.77)	51.0 (20.64)	0.34 (.14)
Total Area for Community Facilities (minimum)	2.7 (1.09)	5.2 (2.1)	10.0 (4.05)	14.90 (6.03)	20.0 (8.09)	25.00 (10.12)	50.00 (20.23)	100.0 (40.5)	150.00 (60.70)	1.00 (.10)
Net Residential Area	4.44 (1.80)	9.08 (3.67)	18.5 (7.49)	27.95 (11.32)	37.14 (15.03)	46.43 (18.79)	92.85 (37.58)	185.71 (75.21)	278.57 (112.73)	
Gross Residential Area	7.14 (2.89)	14.28 (5.78)	28.57 (11.56)	42.85 (17.34)	57.14 (23.12)	71.43 (28.91)	142.85 (57.81)	285.71 (115.71)	428.57 (173.44)	
Persons per Acre (Hectare)	350 (864)	350 (864)	350 (864)	350 (864)	350 (864)	350 (864)	350 (864)	350 (864)	350 (864)	

* Land for Such Services may be Sold by the developer as per rules

** Includes only internal/access roads Land for primary and secondary roads should be carmaked as per rules.

বিধিঃ (১) প্রকল্প এলাকার আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে অনুমোদনকারী কর্তৃপক্ষের পরামর্শ ও নির্দেশনা (বিধি ১১ ও বিধি ১২) মোতাবেক বিধি ১০ এর উপ-বিধি ৬(গ) অনুযায়ী বিভিন্ন ইউটিলিটি সার্ভিসের সংস্থান করিতে হইবে।

২) এই তফসিলের জনসংখ্যার যে কোন ভগ্নাংশের জন্য পরবর্তী এক হাজার জনসংখ্যার একক হিসেবে নাগরিক সুবিধাদির আয়তন নির্ধারিত হবে।

৩) বিধি ৮ অনুযায়ী ঢাকা সিটি কর্পোরেশন বা পৌর এলাকার অভ্যন্তরে ন্যূনতম প্রকল্প এলাকার ক্ষেত্রে তফসিল-৩ ছকের ন্যূনতম জনসংখ্যা (২৫০০ জন) এর জন্য নির্ধারিত কমিউনিটি সার্ভিসসমূহ প্রযোজ্য হইবে।

তফসিল-৪

Certificate of Supervision

[বিধি ১৬(৪) দ্রষ্টব্য]

Name of the Project :

RAJUKs Approval Number & Date:

Project Site:

Address of Owner/Authorized Developer

.....

Duration of Supervision/Inspection :

Description of works supervises.....

.....

.....

Observation & Comments:.....

Drawings/Documents enclosed:.....

.....

I do hereby certify that the above mentioned project is being supervised by me. I am responsible/shall remain responsible for the workmanship and quality of works as per the provisions of the Bangladesh National Building Code, approved lay-out plan & detailed plans including the criteria setforth in the approval of the Project.

.....
Signature of the Chairman/Managing Director

.....
Position in the Management

Name :

Date :

Address :

Seal :

.....

N.B.: For more clarity extra page may be added in support of above inspection/ supervision.

তফসিল-৫ (ক)

উদ্যোক্তা তালিকাভুক্তি/নিবন্ধীকরণ ফরম
(বিধি-৩(১) এবং বিধি-৩(২) দ্রষ্টব্য)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।

বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা-২০০৪ এর আওতায় আগ্রহী উদ্যোক্তা হিসেবে তালিকাভুক্তি/নিবন্ধীকরণের আবেদনপত্র।

- | | | |
|----|---|---|
| ১। | নাম ও ঠিকানা | : |
| ২। | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : |
| ৩। | প্রতিষ্ঠানের বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে) | : |
| | (ক) হাল নাগাদ ট্রেড লাইসেন্স | : |
| | (খ) টি. আই. এন নম্বর | : |
| | (গ) মূল্য সংযোজন কর (VAT) নম্বর | : |
| | (ঘ) মেমোরেন্ডাম অব আন্ডার স্ট্যাডিং এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) | : |
| | (ঙ) কারিগরী জনবল | : |
| | (চ) কারিগরী যন্ত্রপাতি | : |
| ৪। | কারিগরী যোগ্যতার বিবরণ ও প্রমাণপত্র | : |
| ৫। | অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) | : |
| | (ক) ভূমি উন্নয়ন কাজ/প্রকল্প বাস্তবায়ন | : |
| | (খ) আবাসিক প্রকল্প বাস্তবায়ন | : |
| | (গ) অন্যান্য সমতুল্য প্রকল্প বাস্তবায়ন | : |
| ৬। | বিদ্যমান উদ্যোক্তা সম্পর্কিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | : |
| | (ক) প্রকল্পের নাম | : |
| | (খ) প্রকল্পের অনুমোদন সংক্রান্ত বিবরণ | : |
| | (১) ভূমি ব্যবহার ছাড়পত্রের নম্বর ও তারিখ | : |
| | (২) অনুমোদনের স্মারক ও তারিখ | : |
| | (৩) নকশা/লে-আউটের বিবরণ | : |
| | (গ) বাস্তবায়ন শুরু তারিখ | : |
| | (ঘ) প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ (প্রয়োজনে আলাদা সীটে সংযুক্ত করতে হবে) | : |
| ৭। | রিহাব/বিএলডিএ বা ভূমি উন্নয়ন বিষয়ে অন্যান্য প্রতিষ্ঠানের সদস্য নম্বর ও সনদপত্রের সত্যায়িত কপি (যদি থাকে) | : |
| ৮। | নির্ধারিত ছকে দাখিলকৃত অঙ্গীকারনামা | : |
| ৯। | আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদ নম্বর ও তারিখ (রশিদ সংযুক্ত করতে হবে) | : |

বিঃ দ্রঃ প্রদত্ত তথ্যাবলীর স্বপক্ষে সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র/প্রমাণাদির সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

তারিখঃ	আবেদনকারীর স্বাক্ষর ও সীল
	পদবী.....
প্রতিষ্ঠানের সীল	টেলিফোন নম্বর.....
	মোবাইল নম্বর.....
	ফ্যাক্স.....
	ই-মেইল.....

তফসিল-৫ (খ)

উপদেষ্টা প্রতিষ্ঠান তালিকাভুক্তি/নিবন্ধীকরণ ফরম
(বিধি-৬(১) এবং বিধি-৬(২) দ্রষ্টব্য)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।

বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা-২০০৪ এর আওতায় উপদেষ্টা প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তি/নিবন্ধীকরণের আবেদনপত্র।

- | | | |
|----|--|---|
| ১। | নাম ও ঠিকানা | : |
| ২। | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : |
| ৩। | প্রতিষ্ঠানের বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে) | : |
| | (ক) হাল নাগাদ ট্রেড লাইসেন্স | : |
| | (খ) টি. আই. এন নম্বর | : |
| | (গ) মূল্য সংযোজন কর (VAT) নম্বর | : |
| | (ঘ) মেমোরেন্ডাম অব আডার স্ট্যান্ডিং এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) | : |
| | (ঙ) কারিগরী জনবল | : |
| | (চ) কারিগরী যন্ত্রপাতি | : |
| ৪। | কারিগরী যোগ্যতার বিবরণ ও প্রমাণপত্র | : |
| | (১) নিবন্ধিত পরিকল্পনাবিদদের সম্মতিপত্র ও সনদপত্র। | |
| | (২) নিবন্ধিত প্রকৌশলীর সম্মতিপত্র ও সনদপত্র। | |
| | (৩) নিবন্ধিত স্থপতির সম্মতিপত্র ও সনদপত্র। | |
| ৫। | অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) | |
| | (ক) ভূমি উন্নয়ন কাজ/প্রকল্প বাস্তবায়ন | : |
| | (খ) আবাসিক প্রকল্প বাস্তবায়ন | : |
| | (গ) অন্যান্য সমতুল্য প্রকল্প বাস্তবায়ন | : |
| ৬। | নির্ধারিত ছকে দাখিলকৃত অঙ্গীকারনামা | : |
| ৭। | আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদ নম্বর ও তারিখ (রশিদ সংযুক্ত করতে হবে) | : |

বিঃ দ্রঃ প্রদত্ত তথ্যাবলীর স্বপক্ষে সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র/প্রমাণাদির সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

তারিখঃ	আবেদনকারীর স্বাক্ষর ও সীল
	পদবী.....
প্রতিষ্ঠানের সীল	টেলিফোন নম্বর.....
	মোবাইল নম্বর.....
	ফ্যাক্স.....
	ই-মেইল.....

তফসিল-৬

অঙ্গীকারনামার ফরম্যাট

(বিধি-৩(২) (ছ) দ্রষ্টব্য)

অঙ্গীকারনামা

(১৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর)

আমি/আমরা

.....পিতা/স্বামী :.....

বর্তমান ঠিকানা.....

স্থায়ী ঠিকানা.....

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে নিম্নোক্ত শর্তাধীনে 'বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪' এর আওতায়.....(উদ্যোক্তা/উপদেষ্টা প্রতিষ্ঠান/কারিগরি ব্যক্তি) হিসেবে তালিকাভুক্তি/নিবন্ধীকরণের জন্য অঙ্গীকারনামা প্রদান করছি :—

- ১। The Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953) এবং The Building Construction Amendment Act, 2006 এর অধীন প্রণীত 'বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০১১'/সর্বশেষ বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা অনুসরণ করে সার্বিক দায়িত্ব পালন করবো।
- ২। 'প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০' (২০০০ সনের ৩৬ নং আইন) ইমারত নির্মাণ আইন, ১৯৫২ (সংশোধিত-২০০৬) এর অধীন 'ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮'/সর্বশেষ ইমারত নির্মাণ বিধিমালা ও বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত লে-আউট প্ল্যান অনুসারে প্রকল্পের বাস্তবায়ন, নির্ধারিত ফরমে রিপোর্ট দাখিল, As built Development Plan ইত্যাদি প্রদান নিশ্চিত করবো।
- ৩। আমি/আমরা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নগর পরিকল্পনাবিদ), পরামর্শক কমিটি এবং লে-আউট প্ল্যান অনুমোদনকারী কমিটি এর নির্দেশ মোতাবেক তাদের সম্মুখে উপস্থিত হব এবং চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট যে কোন বিষয়ে যথাযথ ব্যাখ্যা প্রদানে বাধ্য থাকবো।

- ৪। 'বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪' মোতাবেক প্রকল্প গ্রহণ ও অনুমোদনের পূর্বে যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন ব্যতিরেকে প্রকল্প সংক্রান্ত কোন বিজ্ঞাপন প্রদান বা প্রচারণা চালাবো না। এই ধরনের বিধি বহির্ভূত কাজে লিপ্ত হলে কর্তৃপক্ষ আমার/আমাদের নিবন্ধন বাতিল করতে পারবে। ইহাতে আমার কোন ওজর আপত্তি থাকিবে না।*
- ৫। আমি/আমার পেশাজীবী প্রতিষ্ঠান (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান) এর সদস্য পদের Code of Ethics অনুসারে দায়িত্ব পালন করবো এবং আমার কর্তৃক এহেন দায়িত্ব পালনে কোন ত্রুটি বা গাফিলতি চিহ্নিত হলে বা উপরোক্ত আইন/কোড/বিধিমালার কোন বিধান লঙ্ঘন করলে আমার/আমাদের বিরুদ্ধে আমার/আমাদের পেশাজীবী প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ব্যবস্থা আমি/আমরা মেনে নিতে বাধ্য থাকবো (উপদেষ্টা প্রতিষ্ঠান/ফার্মের ক্ষেত্রে সকল কারিগরী ব্যক্তিবর্গকে আলাদা আলাদাভাবে অঙ্গীকারনামা প্রদান করতে হবে)।**
- ৬। উপরোক্ত কার্যক্রমসহ বিধি-বিধানের পরিপন্থী কোন অভিযোগ প্রমাণিত হলে তালিকাভুক্তি/নিবন্ধীকরণ বাতিলসহ কর্তৃপক্ষ আমার/আমাদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল (নাম সহকারে)

(বিঃদ্রঃ—প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট অথবা নোটারী পাবলিক কর্তৃক Countersigned/Authenticated হতে হবে)।

* ধারা ৪ উদ্যোক্তার জন্য প্রযোজ্য হইবে।

** ধারা ৫ উপদেষ্টা প্রতিষ্ঠান এবং কারিগরী ব্যক্তির জন্য প্রযোজ্য হইবে।

তফসিল-৭

স্থপতি/প্রকৌশলী/পরিকল্পনাবিদের প্রকল্পে নিয়োজিত হওয়ার সম্মতিপত্র
(বিধি-৩(২)(চ), (ছ), (জ) দৃষ্টব্য)

আমি.....পিতা.....

বর্তমান ঠিকানা.....

স্থায়ী ঠিকানা.....

আমি এই প্রতিষ্ঠান.....এ.....

হিসাবে.....ইং তারিখ হইতে নিয়োজিত/উপদেষ্টা হিসাবে আছি। এই প্রতিষ্ঠানের লে-আউট প্ল্যান প্রণয়নসহ অন্যান্য যাবতীয় কার্যক্রম বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪, ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) নির্মাণ বিধিমালা, ২০০৮/সর্বশেষ ইমারত নির্মাণ বিধিমালা, বিএনবিসি এবং অন্যান্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণপূর্বক কার্য সম্পাদন করিব। পেশাজীবী সংগঠনে আমার সদস্য নং.....এবং রাজউককে কার্যক্রম পালনের জন্য পেশাজীবী সংগঠনে আমার নিবন্ধন নম্বর.....।

(জনাব.....)

স্বাক্ষর :

ব্যবস্থাপনা পরিচালক

নাম :

(উপদেষ্টা প্রতিষ্ঠান/উদ্যোক্তা প্রতিষ্ঠান)

(স্থপতি/প্রকৌশলী/পরিকল্পনাবিদ)

ঠিকানা :

পদবী :

ঠিকানা :

রাষ্ট্রপতির আদেশক্রমে

শিরিন আখতার

অতিরিক্ত সচিব (প্রশাসন)।